# এইচএসসির ফলাফল প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর

**অনলাইন ডেস্ক**

প্রকাশিত: ১১:৫৫, ৮ ফেব্রুয়ারি ২০২৩

1



ফলাফল হস্তান্তর

এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করেছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

বুধবার সকাল ১১টার দিকে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রীর হাতে ফলাফল তুলে দেন।

গত ৬ নভেম্বর সারা দেশে শুরু হয় এইচএসসি ও সমমানের পরীক্ষা। ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদরাসা ও কারিগরি বোর্ড মিলিয়ে ১১টি শিক্ষা বোর্ডের অধীন মোট পরীক্ষার্থী ছিল ১২ লাখের বেশি।

যেভাবে ফল সংগ্রহ করা যাবে:

ওয়েবসাইট: ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboardresults.gov.bd) রেজাল্ট কর্নারে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

এ ছাড়া (www.dhakaeducationboardresults.gov.bd) ওয়েবসাইটে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বরের মাধ্যমে রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

এসএমএসের মাধ্যমে যেভাবে ফল সংগ্রহ: পরীক্ষার ফল প্রকাশের পর মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে ফল সংগ্রহ করা যাবে। মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে HSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম ৩ অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে আবার স্পেস দিয়ে পাসের বছর লিখে পাঠাতে হবে ১৬২২২ নম্বরে।

অর্থাৎ প্রথমে HSC লিখে বোর্ডের নাম (প্রথম তিন অক্ষর), রোল, বছর টাইপ করে করে ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে। বোর্ডের নাম পরিবর্তন করে অন্য শিক্ষা বোর্ডগুলোর ফলও এভাবে জানা যাবে।

যেমন—HSC DHA 123456 2022 লিখে পাঠাতে হবে ১৬২২২ নম্বরে। ফিরতি এসএমএসে জানা যাবে ফলাফল।

*টিএস*